# মোহাম্মদপুর ফার্টিলিটি সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টার এবং ১০০ শয্যা বিশিষ্ট মা ও শিশু স্বাস্থ্য হাসপাতাল

## ভূমিকা ঃ

মা ও শিশু স্বাস্থ্য সেবা, পরিবার পরিকল্পনা বিষয়ক উন্নতর সেবা প্রদান ও এতদসম্পর্কিত প্রশিক্ষণ এবং গবেষণা কার্যক্রমের উদ্দেশ্যে মোহাম্মদপুর ফার্টিলিটি সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টার কাজ শুরু করে। কার্যক্রমের ধারাবাহিকতায় নিঃসন্তান দম্পতিদের ও মহিলাদের সমন্বিত প্রজনন স্বাস্হ্য সেবার পরিধি বৃদ্ধি করা হয়। এ প্রতিষ্ঠানটি ক্লিনিক্যাল সেবার পাশাপাশি ডাক্তার/প্যারামেডিকসদের বেসিক ও ইন সার্ভিস উভয় ধরনের প্রশিক্ষণ প্রদান করে থাকে। এ ছাড়াও বিভিন্ন জন্মনিয়ন্ত্রণ পদ্ধতির উপর বিভিন্ন ধরনের ট্রায়াল ও ক্লিনিক্যাল গবেষণা কার্যক্রম পরিচালনা করা হয়ে থাকে।

## মিশন ঃ

সেবা গ্রহীতাদের স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার পরিকল্পনা বিষয়ক চাহিদা পূরণে যথাযথ সাড়া প্রদান।

## রূপকল্প ঃ

প্রতিষ্ঠানটি দেশের ক্রমবর্ধমান জনসংখ্যা রোধে এবং পরিকল্পিত পরিবার গঠনের লক্ষ্যে অগ্রযাত্রা শুরু করে। পরিবার পরিকল্পনা বিষয়ে জনগণকে উদ্বুদ্ধকরণ, পরামর্শ ও সহায়তা দান, ফলো আপ পদ্ধতি, গবেষণা কার্যক্রম, সরকারী ও বেসরকারী চিকিৎসক, নার্স, পরিবার কল্যাণ পরিদর্শিকা এবং মাঠকর্মীদের প্রশিক্ষণ দান, সর্বোপরি পরিবার পরিকল্পনা বিষয়ে এটি একটি জনপ্রিয় নির্ভরযোগ্য, আস্থাভাজন ও আদর্শ প্রতিষ্ঠান হিসেবে ব্যাপকভাবে প্রসিদ্ধ।

## লক্ষ্য ঃ

পরিবার পরিকল্পনা কার্যক্রমের লক্ষ্য অর্জন এবং মা ও শিশু স্বাস্থ্যের সার্বিক উন্নতি করাই হচ্ছে প্রতিষ্ঠানটির মূল লক্ষ্য।

## উদ্দেশ্য ঃ

- বাংলাদেশের জনসংখ্যা প্রবৃদ্ধি রোধ, প্রসবকালীন মায়েদের মৃত্যুহার, শিশু মৃত্যু হার ইত্যাদি কমিয়ে আনা এবং গর্ভনিরোধক পদ্ধতি ব্যবহারের হার উন্নীত করার উদ্দেশ্য নিয়ে সহায়ক শক্তি হিসেবে উন্নত ও আধুনিক মানের সেবা প্রদান;
- সেবার মান বৃদ্ধিকল্পে বিভিন্ন জন্মনিয়ন্ত্রণ পদ্ধতির উপর বিভিন্ন ধরনের(পুষ্টি এবং মা ও শিশু স্বাস্থ্য) ট্রায়াল ও ক্লিনিক্যাল গবেষণা কার্যক্রম পরিচালনা করা;
- ডাক্তার, নার্স, প্যারামেডিকস এবং মাঠকর্মীদের পরিবার পরিকল্পনা ও মা শিশু স্বাস্থ্যের উপর বিভিন্ন ধরনের প্রশিক্ষণ প্রদানের মাধামে মানব সম্পদ উন্নয়ন করা।

## পটভূমি ঃ

এক স্হান হতে পরিবার পরিকল্পনা সম্পর্কিত সমন্বিত সেবা প্রদানের উদ্দেশ্য নিয়ে সরকারের বিশেষ প্রকল্প হিসাবে পাথ ফাইন্ডার এর আর্থিক সহায়তায় ১৯৭৪ সাল হতে মোহাম্মদপুর ফার্টিলিটি সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টার এর কার্যক্রম শুরু করে। পরবর্তীতে সরকারের উন্নয়ন প্রকল্পের আওতায় ৩০শে জুন, ১৯৯৯ পর্যন্ত এ প্রতিষ্ঠানটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রকল্প হিসাবে ৩য় পর্যায়ের মেয়াদ শেষে গত ১লা জুলাই, ১৯৯৯ সাল হতে সরকারের রাজস্বখাতে অন্তর্ভূক্ত করা হয়।

এ কেন্দ্রটি দেশের প্রথম মাসিক নিয়ন্ত্রন সেবা প্রদান শুরু করে। মাসিক নিয়ন্ত্রন সেবা মহিলাদের প্রজনন সেবার সুরক্ষা এবং পরিবার পরিকল্পনা সেবার ব্যাকআপ সেবা হিসেবে স্বীকৃত। সরকারী পলিসি অনুযায়ী একসময় এ কেন্দ্র কর্তৃক প্রায় ৫০০০ এমআর সেবা ও প্রায় ৪০০০ ফলোআপ সেবা প্রদান করা হত। এছাড়াও মহিলাদের এমআর পরবর্তী জটিলতার চিকিৎসাও এখান থেকে প্রদান করা হত। প্রতি বৎসর এ কেন্দ্রে যে সকল দম্পতি আগমন করে থাকে, তাদের শতকরা ৮০ জনই মধ্য ও নিম্নবিত্ত পরিবারের দম্পতি। পরিবার পরিকল্পনা বিষয়ে জনগণকে উদ্বুদ্ধকরণ, গ্রহীতাদের পরামর্শ ও সহায়তা দান, ফলো আপ, রেকর্ড কীপিং ইত্যাদির মাধ্যমেই এটা করা সম্ভব হয়েছে।

স্হানীয় জনগণের চাহিদাপূরণ ও কেন্দ্রের বিদ্যমান কার্যক্রমের পরিধি বৃদ্ধিকল্পে অত্র প্রতিষ্ঠানটি ১০০ শয্যাবিশিষ্ট মা ও শিশু স্বাস্থ্য হাসপাতাল এ সরকার কর্তৃক প্রতিষ্ঠা/নির্মাণ করা হয়েছে। হাসপাতালটিতে গত ১০/১০/২০১০ ইং তারিখে

পূর্ণাঙ্গ ডেলিভারী ও ইওসি কার্যক্রম চালুসহ এতদ সম্পর্কিত মা ও শিশু স্বাস্থ্য সেবার সার্বিক কার্যক্রম চালু করা হয়েছে। নতুন এ হাসপাতালে গর্ভবতী মায়েদের ৭২টি বিছানা ও শিশু ও নবজাতকের জন্য ২৮টি বিছানার ব্যবস্হা রাখা হয়েছে।

এ ছাড়াও বিশেষ কার্যক্রম হিসাবে ইনফার্টিলিটি সেবা অর্থাৎ নিঃসন্তান দম্পতিদের সেবা কার্যক্রম চালু আছে। দেশের শতকরা প্রায় ৮ ভাগ দম্পতি এ সমস্যায় ভূগছে। উক্ত সমস্ত দম্পতিদের সেবা প্রদানের উদ্দেশ্যে অত্র হাসাপাতালে প্রাথমিক পর্যায়ে নিঃসন্তান দম্পতিদের সেবা দিয়ে আসছে এবং ভবিষ্যতে আরও উন্নতর সেবা দানের চেষ্টা অব্যাহত আছে।

### প্রদও সেবাসমূহ ঃ

### ক। পরিবার পরিকল্পনা বিষয়ক সেবা ঃ

- খাবার বড়ি ও ইসিপি বিতরণ।
- কনডম বিতরণ।
- জন্ম নিয়ন্ত্রন ইনজেকশন প্রয়োগ।
- ইমপ্ল্যান্ট ইনসারশন ও রিম্যুভাল।
- আই ইউ ডি ইনসারশন ও রিম্যুভাল।
- টিউবেকটমী।
- এনএসভি।
- প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা সেবা।
- ইউএসজি দ্বারা মিসিং ইমপ্ল্যান্ট রিম্যুভাল।
- হিসটেরোস্কোপ দ্বারা মিসিং আই ইউডি রিম্যুভাল।

### খ। মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক সেবা ঃ

- গর্ভবতী ও গর্ভোত্তর মায়েদের সেবা।
- ডেলিভারী/প্রসবকালীন সেবা (২৪ ঘন্টা)।
- সিজারিয়ান অপারেশন (২৪ ঘন্টা)।
- ০-৫ বৎসর বয়সী শিশুদের সমস্ত প্রাথমিক রোগের চিকিৎসা।
- শিশুদের অন্তঃবিভাগ সেবা।
- মা ও শিশুদের টিকা।
- মা ও শিশুদের পুষ্টি সেবা।
- মা ও শিশুদের অন্যান্য বিভিন্ন প্রয়োজনীয় চিকিৎসা।
- কিশোর কিশোরীদের বয়োসন্ধি:কালীন পরামর্শ এবং চিকিৎসা সেবা।
- মহিলাদের বিভিন্ন যৌন রোগের চিকিৎসা সেবা।
- গর্ভপাত পরবর্তী সেবা।
- ভায়া পরীক্ষা।
- ব্রেষ্ট ক্যান্সার স্ক্রীনিং পরীক্ষা(সিবিই)।
- এম আরসহ উল্লেখিত সেবার জটিলতা বিষয়ক সমস্ত সমস্যার রেফারেল।

### গ। নিঃসন্তান দম্পতিদের সেবা ঃ

- নিঃসন্তান দম্পতিদের সন্তান না হওয়ার কারণ চিহ্নিতকরণ ও প্রাথমিক চিকিৎসা প্রদান।
- দীর্ঘমেয়াদী পদ্ধতি গ্রহীতাদের নিশ্চয়তা প্রদান।
- নিঃসন্তান দম্পতিদের কাউন্সেলিং প্রদান।
- নিঃসন্তান দম্পতিদের উদ্বুদ্ধকরণ ও সহায়ক সেবা প্রদান।
- নিঃসন্তান দম্পতিদের আল্ট্রাসনোগ্রাফী এর মাধ্যমে পরীক্ষা করা (টিভিএসসহ)।
- স্বল্পমূল্যে নিঃসন্তান দম্পতিদের পরীক্ষা করা।

- নিঃসন্তান দম্পতিদের হরমোন প্রয়োগের মাধ্যমে ওভিউলেশন ইনডাকশন এর ব্যবস্হা চালু আছে।
- নিঃসন্তান দম্পতিদের আইইউআই এর ব্যবস্হা।

**ঘ । জরুরী প্রসূতি সেবা ঃ**

- গর্ভবতী মায়েদের নিরাপদ প্রসব সেবার নিশ্চয়তা।
- নিরাপদ প্রসব সেবা নিশ্চিতকরণ।
- নবজাতকের প্রাথমিক চিকিৎসা সেবার নিশ্চয়তা।

**ঙ । স্বাস্থ্য শিক্ষা ও কাউন্সিলিং সেবা ঃ**

- গর্ভবতী ও গর্ভোত্তর মায়েদের কাউন্সিলিং সেবা।
- পুষ্টি পরামর্শ।
- বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্যবিষয়ক কাউন্সিলিং।
- বুকের দুগ্ধ পানের কাউন্সিলিং।
- রোগীদের সাধারন কাউন্সিলিং।

**চ। অন্যান্য সহায়ক সেবাসমূহ ঃ**

- প্যাথলজীক্যাল পরীক্ষা ঃ সাধারণ ল্যাব ও ইনফার্টিলিটি সেবার জন্য বিশেষায়িত ল্যাব।
- আল্ট্রাসনোগ্রাফী পরীক্ষা(আপার, লোয়ার, টিবিএস)।
- ২৪ ঘন্টা এ্যাম্বুলেন্স সেবা।
- ফার্মেসী।
- ব্লাড ব্যাংক।
- কেন্দ্রীয় অক্সিজেন সরবরাহ ব্যবস্হা।
- সমাজসেবা বিভাগ।

**ছ। প্রশিক্ষণ কার্যক্রম ঃ**

- ডাক্তার ও প্যারামেডিক্সদের ক্লিনিক্যাল কনট্রাসেপশন, আরটিআই/এসটিআই ও এইচআইভি/এইডস কেইস ব্যবস্হাপনা এবং মা ও শিশুদের পুষ্টি ও প্রজনন স্বাস্থ্য ইত্যাদি বিষয়ক প্রশিক্ষণ প্রদান।
- ইমপ্ল্যান্ট, আই ইউ ডি, এম আর, ইনফেকশন প্রিভেনশন, কাউসেলিং ও এবরশন পরবর্তী পরিচর্যা (Post Abortion Care)।
- ৬ মাসব্যাপী সিএসবিএ/মিডওয়াইফারী/ইওসি প্রশিক্ষণ।
- হিসটেরোস্কোপ মেশিন অপারেশনের উপর প্রশিক্ষণ।
- স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের মাঠকর্মীদের কাউন্সেলিং এর উপর প্রশিক্ষণ।
- বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও মেডিকেল কলেজের ছাত্র ছাত্রীদের ফিল্ড ওয়ার্ক এর উপর প্রশিক্ষণ।

**জ। গবেষণাঃ**

- বিভিন্ন জন্মনিয়ন্ত্রণ পদ্ধতির উপর বিভিন্ন ধরনের ট্রায়াল ও ক্লিনিক্যাল গবেষণা কার্যক্রম পরিচালনা করা।
- মা ও শিশু স্বাস্থ্য, পুষ্টি এবং জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহারের উপর অন্যান্য গবেষণা কার্যক্রম।

**ঝ। প্রশিক্ষণ ইউনিট ঃ**

- ৬টি অত্যাধুনিক সুবিধাসম্বলিত আলাদা প্রশিক্ষণ রুম(ল্যাপটপ, মালটিমিডিয়া, সাউন্ড সিস্টেম, এসি ইত্যাদি)।
- সভা সেমিনারের জন্য ১টি অত্যাধুনিক সুবিধাসম্বলিত কনফারেন্স রুম(৭৫ সীটের)।
- ৬০ জনের বসার ব্যবস্থাসম্বলিত ১টি ক্যাফেটেরিয়া।

### ঞ। প্রশিক্ষণার্থীদের হোষ্টেল ও মিটিং সুবিধা ঃ

- প্রক্ষিণার্থীদের থাকা ও খাওয়ার জন্য আলাদা প্রক্ষিণার্থী হোষ্টেল রয়েছে। ভিআইপি কেবিনেরও সুব্যবস্থা রয়েছে।
- ৬৫ জনের বসার সুবিধাসম্বলিত সভা সেমিনার করার জন্য আধুনিক কনফারেন্স রুমের ব্যবস্থা রয়েছে।
- বিভিন্ন ধরনের প্রশিক্ষণ সম্পাদনের জন্য আলাদা প্রশিক্ষণ ফ্লোর রয়েছে। প্রশিক্ষণ ফ্লোরে প্রক্ষিণার্থীদের আপ্যায়নের জন্য ডাইনিং এর ব্যবস্হা রয়েছে।
- ৬ মাসব্যাপী প্রশিক্ষণার্থীদের থাকার সুব্যবস্থা(সিএসবিএ, মিডওয়াইফারী, ইওসি)।

### এক নজরে হাসপাতালের সার্বিক সেবা কার্যক্রম ঃ

| ক্রঃ নং | সেবা কার্যক্রম | জুলাই/২০১২ -জুন/২০১৩ | জুলাই/২০১৩-জুন/২০১৪ |
|---|---|---|---|
| ১। | পরিবার পরিকল্পনা সেবা | ৪৩৪৫৯ | ৩৪৩৬১ |
| ২। | মা ও শিশু সেবা | ৮১৯৯৬ | ৯০৬৬৭ |
| ৩। | পুষ্টি পরামর্শ | ৩১৫৯৫ | ৩৪১৮৯ |
| ৪। | ল্যাবরেটরী সেবা | ৬৩৯১৩ | ৭০০৭৮ |
| ৫। | আল্ট্রাসনোগ্রাফী | ১৩০০৯ | ১৬৩৮১ |
| ৬। | ইনফার্টিলিটি সেবা | ১৯৫৩ | ২৬৮৭ |
| ৭। | জেনারেল রোগী | ১৫৬৬৯ | ১৮৪২৭ |
| ৮। | প্রশিক্ষণ কার্যক্রম | ২৪৪ | ৬৭৯ |
| | মোট= | ২৫১৮৩৮ | ২৬৭৪৬৯ |

### মা ও শিশু স্বাস্থ্য সেবা ঃ

| ক্রমিক নং | সেবার নাম | জুলাই ২০১৪ | আগস্ট ২০১৪ | সেপ্টেম্বর ২০১৪ | অক্টোবর ২০১৪ | নভেম্বর ২০১৪ | ডিসেম্বর ২০১৪ | জানুয়ারি ২০১৫ | ফেব্রুয়ারি ২০১৫ | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | প্রসবপূর্ব | ৬৭৬ | ১০৫৩ | ৯৭৫ | ৯৬৬ | ৮১৪ | ৬৪২ | ৭৩৮ | ৬৩৯ | ৬৫০৩ |
| ২. | প্রসব (স্বাভাবিক) | ১১৯ | ১০৬ | ১০৮ | ১১১ | ১২৩ | ১০৭ | ১২৫ | ১০১ | ৯০০ |
| ৩. | প্রসব (সিজারিয়ান) | ২০২ | ২১৯ | ২৭১ | ২১৮ | ১৯০ | ২১৩ | ২২৫ | ১৭৩ | ১৭১১ |
| ৪. | নবজাতকের সেবা | ৩২১ | ৩২৫ | ৩৭৯ | ৩২৯ | ৩১৩ | ৩২০ | ৩৫০ | ২৭৪ | ২৬১১ |
| ৫. | প্রসবোত্তর সেবা | ২৯০ | ২৭০ | ৩২৬ | ৩৩৫ | ৩২২ | ২৫৬ | ২৯২ | ১৯৫ | ২২৮৬ |

### ভবিষ্যৎ পরিকল্পনা ঃ

- ভবিষ্যতে নিঃসন্তান দম্পতিদের আরও উন্নতর সেবা প্রদান নিশ্চিতকল্পে ইনফার্টিলিটি সেবা কার্যক্রম অধিকতর বর্ধিতকরণ।
- ভবিষ্যতে অত্র প্রতিষ্ঠান কর্তৃক উন্নত সেবা প্রদানের পাশাপাশি অত্যাধুনিক প্রশিক্ষণ ইনস্টিটিউট গড়ে তোলা হবে।

### পরিশেষ ঃ

এ প্রতিষ্ঠানটি বাংলাদেশ পরিবার পরিকল্পনা কার্যক্রমের লক্ষ্য অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। পরিবার পরিকল্পনা বিষয়ে জনগণকে উদ্বুদ্ধকরণ, পরামর্শ ও সহায়তা দান, ফলো আপ পদ্ধতি, গবেষণা কার্যক্রম, সরকারী ও বেসরকারী চিকিৎসক, নার্স, পরিবার কল্যাণ পরিদর্শিকা এবং মাঠকর্মীদের প্রশিক্ষণ দান, সর্বোপরি পরিবার পরিকল্পনা বিষয়ে এটি একটি জনপ্রিয় নির্ভরযোগ্য, আস্থাভাজন ও আদর্শ প্রতিষ্ঠান হিসেবে ব্যাপকভাবে প্রসিদ্ধি লাভ করেছে।